গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০৮/২০১৮-১৯
ঢাকা, রোববার ২ ডিসেম্বর ২০১৮, ১৮ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫৬ প্রতিষ্ঠানকে রফতানি ট্রফি প্রদান করবেন আজ

২। গোপনকক্ষে না যাওয়া পর্যন্ত প্রকাশ্যে কাউকে ব্যালট পেপার দেবেন না :
নির্বাচনি কর্মকর্তাদের প্রতি নির্বাচন কমিশনার

৩। নির্বাচন পর্যবেক্ষণে আসবে যুক্তরাষ্ট্রের ১২ দল

৪। পার্বত্য শান্তিচুক্তির ২১তম বর্ষপূর্তি আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৫। বীরপ্রতীক তারামন বিবির ইন্তেকাল
রাষ্ট্রীয় মর্যাদায় দাফন : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

৬। যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জর্জ বুশ সিনিয়র মারা গেছেন : রাষ্ট্রপতির শোক

৭। আওয়ামী লীগের নির্বাচনি প্রচার কার্যক্রম সমন্বয়ের নির্দেশ প্রধানমন্ত্রীর

৮। অনুকূল ও উৎসবমুখর পরিবেশে এখন ভোট দেওয়ার পরিস্থিতি বিরাজ করছে দেশে : সেতুমন্ত্রী

৯। প্রশাসনের নিয়ন্ত্রণে থাকবে ইজতেমা মাঠ : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। কেরানীগঞ্জ হবে আধুনিক শহর : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১১। বিজয়ের মাসে বিমানের বহরে যোগ হলো দ্বিতীয় ড্রিমলাইনার 'হংস বলাকা'

১২। গুজব প্রতিরোধে প্রতি জেলায় পুলিশের মিডিয়া সেল

১৩। সরকারি বিদ্যালয়ে ভর্তির আবেদন শুরু হয়েছে

১৪। রাজধানীর শাহবাগে 'বঙ্গবন্ধু বইমেলা' শুরু

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫৬ প্রতিষ্ঠানকে রফতানি ট্রফি প্রদান করবেন আজ**

রফতানিতে বিশেষ অবদান রাখায় জাতীয় ট্রফি পাচ্ছে ৫৬ প্রতিষ্ঠান। এর মধ্যে স্বর্ণপদক পাচ্ছে **২৫** রফতানিকারক প্রতিষ্ঠান। রৌপ্য পদক পাচ্ছে **১৭** এবং ব্রোঞ্জপদক **১৪** প্রতিষ্ঠান। **২০১৫-১৬** অর্থবছরের সেরা রফতানিকারক হিসেবে এ মর্যাদা পাচ্ছে এসব প্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২ ডিসেম্বর রোববার) আনুষ্ঠানিকভাবে রফতানিকারক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে ট্রফি তুলে দেবেন। বাণিজ্য মন্ত্রণালয় এবং ইপিবি রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে এ অনুষ্ঠানের আয়োজন করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭), **সংবাদ** (পৃ.১৩,ক.৬)।

২। **গোপনকক্ষে না যাওয়া পর্যন্ত প্রকাশ্যে কাউকে ব্যালট পেপার দেবেন না :**
**নির্বাচনি কর্মকর্তাদের প্রতি নির্বাচন কমিশনার**

নির্বাচনি কর্মকর্তাদের উদ্দেশে নির্বাচন কমিশনার রফিকুল ইসলাম বলেছেন, কমিশনের সম্মান নির্ভর করছে আপনাদের ওপর। নির্বাচনের সব দায়িত্ব আপনারা পালন করবেন। ভোটকেন্দ্রে গোপনকক্ষে ভোট দেওয়ার যে বিধান রয়েছে, তা যেন কেউ অমান্য না করে, সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। সরকারি কর্মকর্তাদের মধ্যে যারা একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালন করবেন, তাদের প্রশিক্ষকদের নিয়ে গতকাল (১ ডিসেম্বর শনিবার) নির্বাচন ভবনে এক কর্মশালায় এ কথা বলেন তিনি। প্রশিক্ষকদের উদ্দেশে রফিকুল ইসলাম বলেন, গোপনকক্ষে না যাওয়া পর্যন্ত প্রকাশ্যে কাউকে ব্যালট পেপার দেবেন না। এটা বেআইনি। এমন হলে তা নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করবে। ভোটারকে শনাক্ত করে তবেই তার হাতে ব্যালট দিতে হবে। যতক্ষণ না নিশ্চিত হচ্ছেন, ততক্ষণ পর্যন্ত তাকে ব্যালট দেওয়া যাবে না। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৪)।

৩। **নির্বাচন পর্যবেক্ষণে আসবে যুক্তরাষ্ট্রের ১২ দল**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে **১২**টি পর্যবেক্ষক দল বাংলাদেশে পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র। প্রতিটি টিমে দুইজন করে পর্যবেক্ষক থাকবেন। তাঁরা দেশের বিভিন্ন স্থানে নির্বাচন পর্যবেক্ষণ করবেন। এছাড়া অভ্যন্তরীণভাবে নির্বাচন পর্যবেক্ষণ করবেন এমন পর্যবেক্ষকদের জন্য তহবিল দেবে দেশটি। গতকাল (১ ডিসেম্বর শনিবার) ঢাকায় মার্কিন দূতাবাসের এক জ্যেষ্ঠ কর্মকর্তা এ তথ্য জানিয়েছেন বলে বার্তা সংস্থা রয়টার্সের খবরে বলা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৪। **পার্বত্য শান্তিচুক্তির ২১তম বর্ষপূর্তি আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ (২ ডিসেম্বর রোববার) উদ্‌যাপিত হচ্ছে পার্বত্য চট্টগ্রাম চুক্তির (শান্তিচুক্তি) **২১**তম বর্ষপূর্তি। **১৯৯৭** সালের এ দিনে তৎকালীন সরকার ও পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৫। **বীরপ্রতীক তারামন বিবির ইন্তেকাল**
**রাষ্ট্রীয় মর্যাদায় দাফন : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা তারামন বিবি আর নেই। বিজয়ের মাসের প্রথম প্রহরেই চিরবিদায় নিলেন রণাঙ্গনের এ নারী মুক্তিযোদ্ধা। গতকাল (১ ডিসেম্বর শনিবার) কুড়িগ্রাম জেলার রাজিবপুর উপজেলার কাচারীপাড়া গ্রামে নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেন। তাঁর বয়স হয়েছিল **৬২** বছর। তারামন বিবির মৃত্যুতে পৃথক বার্তায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল দুপুরে রাজিবপুর উপজেলা চত্বরে তারামন বিবির জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। পরে তাঁকে পারিবারিক কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়। **১৯৭১** সালে মুক্তিযুদ্ধকালে সম্মুখ সমর ও নানা কার্যক্রমে অংশগ্রহণ করে বীরপ্রতীক খেতাব অর্জন করেছিলেন তারামন বিবি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৬।	যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জর্জ বুশ সিনিয়র মারা গেছেন : রাষ্ট্রপতির শোক**

যুক্তরাষ্ট্রের ৪১তম প্রেসিডেন্ট জর্জ বুশ সিনিয়র মারা গেছেন। গত ৩০ নভেম্বর শুক্রবার ৯৪ বছর বয়সে মারা যান তিনি। বুশের মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

**৭।	আওয়ামী লীগের নির্বাচনি প্রচার কার্যক্রম সমন্বয়ের নির্দেশ প্রধানমন্ত্রীর**

আওয়ামী লীগের নির্বাচনি প্রচার কার্যক্রম সমন্বয়ের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ নির্দেশ অনুযায়ী দলের কেন্দ্রীয় নেতারা আসনওয়ারী নির্বাচনি প্রচার কার্যক্রমের পরিকল্পনা তৈরি করবেন। গতকাল (১ ডিসেম্বর শনিবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ নির্দেশনা প্রদান করেন। এরই মধ্যে দলের কেন্দ্রীয় নেতারা তারা দলের নির্বাচনি সফরসূচির খসড়া প্রধানমন্ত্রীর হাতে তুলে দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮)।

**৮।	অনুকূল ও উৎসবমুখর পরিবেশে এখন ভোট দেওয়ার পরিস্থিতি বিরাজ করছে দেশে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী নির্বাচন নিয়ে সব শঙ্কা কেটে যেতে শুরু করেছে। দেশে এখন অনুকূল ও উৎসবমুখর পরিবেশে ভোট দেওয়ার পরিস্থিতি বিরাজ করছে। একাদশ সংসদ নির্বাচনে জগাখিচুড়ি জাতীয় ঐক্যফ্রন্টের বিরুদ্ধে ভোটবিপ্লব হবে। গতকাল (১ ডিসেম্বর শনিবার) রাজধানীর ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৯।	প্রশাসনের নিয়ন্ত্রণে থাকবে ইজতেমা মাঠ : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, নির্বাচন পর্যন্ত আগামী এক মাস ইজতেমার সব ধরনের প্রস্তুতি বন্ধ থাকবে। এ সময় টঙ্গীতে ইজতেমার মাঠ প্রশাসনের নিয়ন্ত্রণে থাকবে। বিবদমান অবস্থার মধ্যে তাবলিগ জামাতের দুই পক্ষের সঙ্গে বৈঠকশেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। একইসঙ্গে গতকাল টঙ্গীতে তাবলিগ জামাতের দু'গ্রুপের সংঘর্ষে হতাহতের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও জানান তিনি। গতকাল (১ ডিসেম্বর শনিবার) বিকেলে সচিবালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

**১০।	কেরানীগঞ্জ হবে আধুনিক শহর : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, কেরানীগঞ্জ হবে আধুনিক শহর। কেরানীগঞ্জে কোনো সন্ত্রাসী ও চাঁদাবাজের স্থান নেই। কেরানীগঞ্জ শহর হবে মাদকমুক্ত এলাকা। কেরানীগঞ্জের ওপর দিয়ে ফোর লেন রাস্তা হচ্ছে। পদ্মাসেতু চালু হওয়ার পর কেরানীগঞ্জের রূপ পাল্টে যাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার উন্নয়নে বিশ্বাস করে। গতকাল (১ ডিসেম্বর শনিবার) তেঘরিয়া, কোণ্ডা, জিনজিরা ও আগানগর এলাকায় পৃথক উঠান বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

**১১।	বিজয়ের মাসে বিমানের বহরে যোগ হলো দ্বিতীয় ড্রিমলাইনার 'হংস বলাকা'**

বিজয়ের মাসে চালু হয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি সংবলিত সম্পূর্ণ নতুন ২য় বোয়িং ৭৮৭-৮ ড্রিমলাইনার উড়োজাহাজ 'হংস বলাকা'। গতকাল (১ ডিসেম্বর শনিবার) বিমানটি ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর মধ্য দিয়ে বিমানবহরে উড়োজাহাজের সংখ্যা দাঁড়ালো ১৫টি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** ( শেষ পৃ,ক.৪)।

**১২।	গুজব প্রতিরোধে প্রতি জেলায় পুলিশের মিডিয়া সেল**

আসন্ন নির্বাচন, ফলাফল এবং মানুষের মনস্তাত্ত্বিক বিষয় নিয়ে গুজব রটানো কিংবা অপপ্রচার চালানোর আশঙ্কা রয়েছে। তাই গুজব প্রতিরোধে দেশের প্রত্যেক জেলায় ও মেট্রোপলিটনে পুলিশের মিডিয়া সেল গঠন করা হয়েছে বলে জানিয়েছেন পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের (সিটিটিসি) প্রধান মো.

মনিরুল ইসলাম। গতকাল (১ ডিসেম্বর শনিবার) রাজধানীর সেগুনবাগিচায় একটি রেস্টুরেন্টে মিডিয়া মিউজিয়াম অভ্ বাংলাদেশ আয়োজিত গোলটেবিল আলোচনায় তিনি এ মন্তব্য করেন। 'জাতীয় নির্বাচন : গুজব, সহিংসতা প্রতিরোধে



সম্প্রচার মাধ্যমের ভূমিকা' শীর্ষক বৈঠকে মাঠপর্যায়ে কর্মরত সাংবাদিকরা এতে অংশ নেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**১৩। সরকারি বিদ্যালয়ে ভর্তির আবেদন শুরু হয়েছে**

সরকারি বিদ্যালয়ে ভর্তির আবেদন শুরু হয়েছে। গতকাল (১ ডিসেম্বর শনিবার) থেকে এ আবদেন গ্রহণ শুরু হয়। আগামী ১৩ ডিসেম্বর পর্যন্ত অনলাইন আবেদন কার্যক্রম চলবে। ১৭ ডিসেম্বর সরকারি হাইস্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে। শেষ হবে ২০ ডিসেম্বর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.৪)।

**১৪। রাজধানীর শাহবাগে 'বঙ্গবন্ধু বইমেলা' শুরু**

মহান বিজয় দিবস উপলক্ষে শুরু হয়েছে 'বঙ্গবন্ধু বইমেলা-২০১৮'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহিদ মুক্তিযোদ্ধাদের স্মরণে রাজধানীর শাহবাগের পাবলিক লাইব্রেরি প্রাঙ্গণে ১৬ দিনব্যাপী এ বইমেলার আয়োজন করেছে স্বাধীনতা একাডেমি। ১৬ ডিসেম্বর বিজয় দিবসে শেষ হবে এ বইমেলা। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১) **সমকাল** (শেষ পৃ,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ভারী ব্যাগ বহনের কারণে অল্প বয়সেই শিশুরা বিবিধ রোগের শিকার হচ্ছে বিশেষজ্ঞদের এ মতামতে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** এলপি গ্যাসের ক্রমাগত মূল্যবৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে মূল্য নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** সুন্দরবনে একটি অসাধুচক্র বাঘ হত্যা করে ভারতে পাচার করায় রয়েল বেঙ্গল টাইগারের অস্তিত্ব হুমকির মুখে উল্লেখ করে বাঘ রক্ষায় চোরা শিকারিদের আইনের আওতায় আনার দাবি।

ঘ. **বণিক বার্তা, যায়যায়দিন :** বৈশ্বিকভাবে এইচআইভি সংক্রমণের হার কমলেও বাংলাদেশে এ রোগে আক্রান্তের সংখ্যা বাড়ছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে সরকারি ও বেসরকারি পর্যায়ে সমন্বিত উদ্যোগ গ্রহণ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যুগান্তর :** আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সব দলের নির্বাচনি ইশতেহারে মানবকল্যাণ ও টেকসই উন্নয়ন প্রধান্য পাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **নিউজ টুডে :** শিশুদের অধিকার রক্ষায় নজর রাখার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আটজন শিক্ষার্থী আত্মহত্যা করেছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে তরুণদের আত্মহত্যার সঠিক কারণ উদ্ঘাটন করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গর্ভকাল হোক নিরাপদ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গর্ভকালীন সুস্থতার জন্য প্রথমেই প্রয়োজন গর্ভবতী মায়ের সঠিক যত্ন ও পরিচর্যা এবং সময়মতো চিকিৎসকের শরণাপন্ন হওয়া।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা